

এসিডি সার্কুলার নং-০৩

২২ জ্যৈষ্ঠ, ১৪২৯

তারিখঃ \_\_\_\_\_

০৫ জুন, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**দেশের উত্তর-পূর্বাঞ্চলে সৃষ্ট সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

সম্প্রতি বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট ও সুনামগঞ্জ জেলাসহ এদের পার্শ্ববর্তী মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় ভারী বৃষ্টিপাত ও নদ-নদীর পানি বৃদ্ধির ফলে সৃষ্ট আকস্মিক বন্যায় শস্য/ফসল, মৎস্য, পোল্ট্রি ও প্রাণিসম্পদ খাতের সাথে জড়িত এতদঞ্চলের কৃষকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন।

এমতাবস্থায়, বন্যা কবলিত অঞ্চলের কৃষকদের ক্ষতি মোকাবেলাসহ তাদেরকে কৃষি কাজে সম্পূর্ণ রাখার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ

- ১) ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে পূর্ব প্রদত্ত ঋণ আদায় ব্যতিরেকে শস্য/ফসল, মৎস্য, পোল্ট্রি ও প্রাণিসম্পদ খাতে প্রকৃত চাহিদা ও বাস্তবতার নিরিখে দ্রুততার সাথে নতুন ঋণ বিতরণ করতে হবে;
- ২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের এসিডি সার্কুলার নং-২ এর মাধ্যমে কৃষক/গ্রাহক পর্যায়ে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণের জন্য গঠিত ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকার বিশেষ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ২০০ (দুইশত) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যে ব্যাংকের অব্যবহৃত স্থিতির ন্যূনতম ২০% বন্যায় ক্ষতিগ্রস্ত সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলায় বিতরণ নিশ্চিত করতে হবে;
- ৩) সার্কুলার জারির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ণিত জেলাসমূহের ক্ষতিগ্রস্ত কৃষকদের নিকট হতে কৃষি ঋণ আদায় স্থগিত রাখতে হবে এবং ব্যাংক-এমএফআই লিংকজের মাধ্যমে ঋণ প্রাপ্ত কৃষকদের নিকট হতেও কৃষি ঋণ আদায় একইভাবে ০৬ (ছয়) মাস স্থগিত রাখতে হবে;
- ৪) ডাউন পেমেণ্ট এর শর্ত শিথিলপূর্বক ঋণ পুনঃতফসিলিকরণ সুবিধা প্রদান করা যাবে; তবে কৃষকের ক্ষতির পরিমাণ বিবেচনায় বিনা ডাউন পেমেণ্টেও ঋণ পুনঃতফসিল করা যাবে। এতদ্ব্যতীত পূর্ব প্রদত্ত ঋণের কিস্তি ওভারডিউ থাকলেও কৃষক/গ্রাহক পর্যায়ে নতুন ঋণ সুবিধা প্রদান করতে হবে;
- ৫) নতুন করে কোন সার্টিফিকেট মামলা না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহ তামাদি হওয়া প্রতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলাগুলোর তাগাদা আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলার নিষ্পত্তিকরণের ব্যবস্থা করতে হবে;
- ৬) ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসনের লক্ষ্যে বসতবাড়ির আড়িনায় হাঁস-মুরগী ও গবাদী পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় এবং অন্যান্য আয় উৎসারী কর্মকাণ্ডে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৭) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকগণ যাতে প্রকৃত চাহিদা মোতাবেক যথাসময়ে নতুন ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন এবং ঋণ পেতে কোনরূপ হয়রানির শিকার না হন সে বিষয়টি ব্যাংকসমূহের প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় কর্তৃক নিবিড়ভাবে তদারকি করতে হবে;
- ৮) এছাড়া, সংশ্লিষ্ট জেলার লিড ব্যাংক কর্তৃক জেলা কৃষি ঋণ কমিটির সভার মাধ্যমে ঋণ বিতরণ পরিস্থিতি তদারকি করতে হবে।

এ বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সংযোজিত ছকে আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল হাকিম)  
পরিচালক (এসিডি)  
ফোনঃ ৯৫৩০১৩৮

